DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 03:09 PM

বিনোদন

# সাবেক স্বামীর দ্বিতীয় বিয়ের ছবি দেখে রহস্যময় বার্তা উর্মিলার

প্রতিবেদক: বিনোদন ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি সংগৃহীত

বলিউড অভিনেত্রী উর্মিলা মাতণ্ডকরের সাবেক স্বামী মহসিন আখতার মীর সম্প্রতি তাঁর দ্বিতীয় বিয়ের প্রীতিভোজের বেশ কিছু ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশ করেছেন। একই সঙ্গে নতুন স্ত্রী, কাশ্মীরের শ্রীনগরভিত্তিক সাবেক অভিনেত্রী ও মডেল নিধা ভাটকে নিয়ে আবেগঘন একটি বার্তাও দিয়েছেন তিনি। মহসিনের সেই পোস্টের পর সামাজিক যোগাযোগমাধ্যমে রহস্যময় একটি বার্তা দিয়েছেন উর্মিলা মাতণ্ডকর। এ নিয়ে শুরু হয়েছে নানা আলোচনা।

মহসিন আখতার মীরের প্রকাশ করা ছবিতে তাঁকে গোলাপি শেরওয়ানিতে দেখা গেছে। অন্যদিকে লাল পোশাকে নজর কেড়েছেন তাঁর স্ত্রী নিধা ভাট।

ছবিগুলো প্রকাশ করে স্ত্রীকে উদ্দেশ করে মহসিন লিখেছেন, নিধা শুধু তাঁর স্ত্রী নন, তিনি তাঁর ঘর ও শান্তির জায়গা হয়ে উঠেছেন। জীবনে

নিধাকে পাওয়ার জন্য সৃষ্টিকর্তার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে তিনি বলেন, জীবনের প্রতিটি অধ্যায়ে স্ত্রীকে আগলে রাখা, পাশে থাকা ও ভালোবাসার প্রতিশ্রুতি দিয়েছেন তিনি।

এর আগে চলতি বছরের জুনে দ্বিতীয় বিয়ের বিষয়টি প্রকাশ্যে আনেন মহসিন। সে সময়ও নতুন করে ভালোবাসা খুঁজে পাওয়ার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করে আবেগঘন বার্তা দেন তিনি। নিধাকে নিয়ে নতুন জীবন শুরুর কথাও জানান মহসিন।

তাঁর সেই পোস্টের পরই ইনস্টাগ্রাম স্টোরিতে একটি বার্তা দেন উর্মিলা। সেখানে তিনি লেখেন, “আমি দামি জিনিস পছন্দ করি। যেমন—ভালোবাসা, আনুগত্য ও সময়।”

উর্মিলার এই পোস্টের সঙ্গে সাবেক স্বামীর দ্বিতীয় বিয়ের কোনো সরাসরি সম্পর্ক আছে কি না, তা অবশ্য তিনি স্পষ্ট করেননি। তবে সময়ের মিলের কারণে সামাজিক যোগাযোগমাধ্যমে এ নিয়ে নানা জল্পনা শুরু হয়েছে।

মহসিন আখতার মীরের সঙ্গে উর্মিলা মাতণ্ডকরের পরিচয় হয় ২০১৪ সালে। পোশাকশিল্পী মনীশ মালহোত্রার ভাইঝির বিয়েতে তাঁদের পরিচয় হয়েছিল। দুই বছর পর ২০১৬ সালের ৪ ফেব্রুয়ারি ঘরোয়া আয়োজনে বিয়ে করেন তাঁরা। বয়সের ব্যবধান ও ভিন্ন ধর্মের হওয়ায় সে সময় তাঁদের বিয়ে নিয়ে ব্যাপক আলোচনা হয়েছিল।

প্রায় এক দশকের দাম্পত্যের পর তাঁদের সম্পর্কে ভাঙন দেখা দেয়। পরবর্তী সময়ে তাঁদের বিচ্ছেদ ঘটে।

এদিকে মহসিন বর্তমানে নিধা ভাটকে নিয়ে নতুন জীবন শুরু করেছেন। সামাজিক যোগাযোগমাধ্যমে তাঁদের বিয়ের ছবি ও পরস্পরের প্রতি ভালোবাসার প্রকাশ ঘিরে ভক্তদের মধ্যেও চলছে নানা আলোচনা।

---


## এ বিভাগের আরও খবর



**ইতালিতে বাঁধনের ওপর হামলাকারী ৩ ব্যক্তি শনাক্ত**

অভিনেত্রী আজমেরী হক বাঁধনের ওপর হামলা ও হেনস্তার ঘটনায় জড়িত কয়েকজনের পরিচয় পাওয়া গেছে। ভিডিও বিশ্লেষণ করে তাদের মধ্যে শিপল মাহমুদ বিপ্লব, ইল...



### সামান্য মস্করায় ফাঁসলেন নোরা ফাতেহি, খেলেন ৪ কোটি টাকার মামলা

বিমানে বসে সেটিকে নিয়ে বিদ্রূপাত্মক পোস্ট করায় আইনি ঝামেলায় পড়েছেন বলিউড অভিনেত্রী নোরা ফাতেহি। তার বিরুদ্ধে তিন কোটি রুপির (বাংলাদেশি মুদ্র...



### নিজেদের বঙ্গবন্ধুর সৈনিক পরিচয় দিয়ে অভিনেত্রী বাঁধনের ওপর হামলা

ইতালিতে লাঞ্ছনার শিকার হয়েছেন জনপ্রিয় অভিনেত্রী আজমেরী হক বাঁধন। ভেনিস আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে যোগ দিতে গিয়ে দেশটির  মেস্ত্রে শহরে...



### হার্দিকের সঙ্গে আমিশার প্রেমের গুঞ্জন, সোশ্যাল মিডিয়ায় ভিডিও ভাইরাল

ক্রিকেট মাঠের পারফরম্যান্সের চেয়ে ব্যক্তিগত জীবন নিয়েই এখন বেশি আলোচনায় ভারতীয় ক্রিকেটার হার্দিক পান্ডিয়া। নাতাশা স্ট্যানকোভিচের সঙ্গে সম্পর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/entertainment/sabek-sbamir-dbitiy-biyer-chhbi-dekhe-rhsjmy-barta-urmilar